

এক্সেলে কন্ডিশনাল ফরম্যাটিংয়ে শর্ত সাপেক্ষে সর্বনিম্ন একাধিক ভ্যালু এবং খালি সেল হাইলাইট করা

মুহম্মদ আনোয়ার হোসেন ফকির

লিড কনসালট্যান্ট, ট্রেইনিং বাংলা

শর্ত সাপেক্ষে সর্বনিম্ন একাধিক ভ্যালু হাইলাইট করা

এই টিউটোরিয়ালে কন্ডিশনাল ফরম্যাটিং (Conditional Formatting) ব্যবহার করে ফর্মুলার মাধ্যমে কীভাবে সর্বনিম্ন একাধিক ভ্যালু হাই লাইট করা যায়, তা বর্ণিত হয়েছে। উদাহরণ হিসেবে এক্ষেত্রে তিনটি ভ্যালু দেখানো হয়েছে। আপনি ইচ্ছে করলে একাধিক ভ্যালু হাই লাইট করতে পারবেন।

Name	Products	Qty	Unit Price	Amount	Customer Name
Anowar	Mouse	2	350.00	700.00	Hossain
Hossain	Keyboard	1	300.00	300.00	
Anowar	Printer	2	4,200.00	8,400.00	
Hossain	Mouse	4	250.00	1,000.00	
Anowar	Printer	1	350.00	350.00	
Hossain	Keyboard	7	500.00	3,500.00	
Parul	Scanner	1	5,000.00	5,000.00	
Anowar	Mouse	3	800.00	2,400.00	
Hossain	Keyboard	4	300.00	1,200.00	
Hossain	Keyboard	5	300.00	1,500.00	

এক্ষেত্রে AND ও SMALL-এর সমন্বয়ে অ্যারে ফর্মুলা ব্যবহার করা হয়েছে। ফর্মুলাটি হলো-

= AND(\$B8=\$H\$8,\$F8<=SMALL(IF(CustName=\$H\$8,PurAmount),3))

ব্যাখ্যা : উপরের সূত্রে B8:B17 রেঞ্জকে Cust Name এবং F8:F17 রেঞ্জকে Pur Amount দিয়ে ডিফাইন করা হয়েছে। উপরোক্ত AND ফাংশনটিতে দুটি লজিক্যাল শর্ত রয়েছে। তার প্রথম লজিকটি খুবই সহজ, যা H8 সেলে যে ভ্যালু রয়েছে তা Cust Name রেঞ্জের নামের সাথে ম্যাচিং নির্ধারণ করেছে। কিন্তু দ্বিতীয় লজিকটি বেশ জটিল। এটি একটি অ্যারে ফর্মুলা, যা সব Pur Amount-এর ভ্যালু H8 সেলের ভ্যালুর সাথে সম্পৃক্ত তা ফিল্টার করে থাকে। এক্ষেত্রে ফিল্টারটি IF ফাংশন দিয়ে সম্পাদিত হয়েছে।

উপরের চিত্রের মতো ওয়ার্কশিট তৈরি করুন। এরপর নিচের মতো কার্য সম্পাদন করুন।

* B8:B17 রেঞ্জকে CustName এবং F8:F17 রেঞ্জকে Pur Amount দিয়ে ডিফাইন করুন।

* H8 সেলে Hossain লিখুন। কারণ এক্ষেত্রে Hossain-এর সর্বনিম্ন ত্রয়মূল্য বের করতে চাই।

* B8 থেকে F17 পর্যন্ত সিলেক্ট করুন।

* Home ট্যাবের Style প্যানেলের


Conditional Formatting ক্লিক করে New Rule কমান্ড ক্লিক করুন।

* প্রদর্শিত ডায়ালগ বক্সে Select a Rule Type থেকে Use a formula to determine which cells to format ক্লিক করুন।


* এবারে Edit the Rule Description-এর ঘরে নিচের ফর্মুলাটি টাইপ করুন

* =AND(\$B8=\$H\$8,\$F8<=SMALL(IF(CustName=\$H\$8,PurAmount),3))

* Format ক্লিক করে ফন্টের কালার লাল ও ফন্টের স্টাইল বোল্ড সম্পাদন করে Ok ক্লিক করুন।



* এবারে ওয়ার্কশিটের সিলেক্ট করা ডাটাসমূহ লক্ষ করুন, Rahim নামের কাস্টোমারের সর্বনিম্ন তিনটি ভ্যালু লাল রঙে প্রদর্শিত হয়েছে।



Name	Products	Qty	Unit Price	Amount	Customer Name
Anowar	Mouse	2	350.00	700.00	Hossain
Hossain	Keyboard	1	300.00	300.00	
Anowar	Printer	2	4,200.00	8,400.00	
Hossain	Mouse	4	250.00	1,000.00	
Anowar	Printer	1	350.00	350.00	
Hossain	Keyboard	7	500.00	3,500.00	
Parul	Scanner	1	5,000.00	5,000.00	
Anowar	Mouse	3	800.00	2,400.00	
Hossain	Keyboard	4	300.00	1,200.00	
Hossain	Keyboard	5	300.00	1,500.00	

নোট : ফর্মুলাতে সবার শেষে ও ব্যবহার করা হয়েছে কারণ আমরা সর্বনিম্ন তিনটি ভ্যালু প্রদর্শন করতে চেয়েছি। আপনি ইচ্ছে করলে 8/৫/৬ ইত্যাদি ব্যবহার করে প্রয়োজনীয় ভ্যালু প্রদর্শন করতে পারেন।

Conditional Formatting দিয়ে খালি সেল হাই লাইট করা

এই টিউটোরিয়ালে Conditional Formatting ব্যবহার করে ফর্মুলার মাধ্যমে কীভাবে নির্বাচিত সেলগুলোর খালি সেল হাই লাইট করা যায় তা বর্ণিত হয়েছে।

নিচের ওয়ার্কশিটের মতো ওয়ার্কশিট তৈরি করুন। আপনার নিজের ওয়ার্কশিটও ব্যবহার করতে পারেন।

Name	Products	Qty	Unit Price	Amount	Customer Name
Anowar	Mouse	2	350.00	700.00	350.00
Hossain	Keyboard	1	300.00	300.00	300.00
Anowar	Printer	2	4,200.00	8,400.00	8,400.00
Hossain	Mouse	4	250.00	1,000.00	250.00
Anowar	Printer	1	350.00	350.00	350.00
Hossain	Keyboard	7	500.00	3,500.00	500.00
Parul	Scanner	1	5,000.00	5,000.00	500.00
Anowar	Mouse	3	800.00	2,400.00	300.00
Hossain	Keyboard	4	300.00	1,200.00	300.00
Hossain	Keyboard	5	300.00	1,500.00	300.00

কন্ডিশনাল ফরম্যাটিং দিয়ে নির্বাচিত সেলের খালি সেলগুলো বের করার জন্য নিচের ফর্মুলাটি ব্যবহার করা হয়েছে।

ফর্মুলা: =ISBLANK(B8) যেভাবে কাজটি সম্পাদন করবেন-

* B8:H17 পর্যন্ত সিলেক্ট করুন।

* Home ট্যাবের Style প্যানেলের Conditional Formatting ক্লিক করে New Rule কমান্ড ক্লিক করুন।

* প্রদর্শিত ডায়ালগ বক্সে Select a Rule Type থেকে Use a formula to determine which cells to format ক্লিক করুন।

* Edit the Rule Description এর ঘরে নিচের ফর্মুলাটি টাইপ করুন = ISBLANK (B8)

* Format ক্লিক করে Format Cells ডায়ালগ বক্সের Fill ট্যাব হতে প্রয়োজনীয় ফিল কালার সিলেক্ট করে Ok ক্লিক করুন।

* ওয়ার্কশিটের সিলেক্ট করা ডাটাসমূহ লক্ষ করুন, খালি সেলগুলো লাল রঙের ফিল দিয়ে প্রদর্শিত হয়েছে।

নোট : ISBLANK ফাংশনটি তখনই কার্যকর হবে যখন সেলখালি থাকবে। কিন্তু যদি কোনো সেলের মধ্যে ফর্মুলা থাকে এবং তার মধ্যে যদি খালি স্ট্রিং থাকে তবে তা খালি সেল হিসেবে প্রদর্শিত হবে না। এক্ষেত্রে আপনি = LEN (B8) = 0 ফর্মুলাটি ব্যবহার করতে পারেন।